

স্কুলে ভর্তি হওয়ার জন্য প্রয়োজনীয় স্বাস্থ্য তথ্য

আর্লিংটন পাবলিক স্কুলস (APS) ও স্টেট অব ভার্জিনিয়ার প্রথমবার স্কুলে ভর্তি হতে যাওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে নিম্নলিখিত স্বাস্থ্যের নথিপত্র প্রদান করার প্রয়োজন:

1. **শারীরিক পরীক্ষা:** http://apsva.us/wp-content/uploads/2015/02/school_entrance_form.pdf

প্রাক-স্কুল থেকে শুরু করে ৫ম গ্রেড পর্যন্ত ভর্তি হতে যাওয়া সকল নতুন শিক্ষার্থীর একটি শারীরিক পরীক্ষার (স্কুলে ভর্তির অনধিক একবছর আগে সম্পূর্ণ করা) প্রয়োজন রয়েছে। তদতিরিক্ত, সকল কিন্ডারগার্টেন শিক্ষার্থীর জন্য একটি নতুন শারীরিক পরীক্ষার প্রয়োজন, এমনকি সেই শিক্ষার্থী এর আগে APS প্রাক-স্কুল কার্যক্রমে তা প্রদান করে থাকলেও।

2. **যক্ষ্মা পরীক্ষণ:**

স্কুলে ভর্তির অনধিক একবছর আগের একটি নেগেটিভ যক্ষ্মার ঝুঁকি মূল্যায়নের তথ্য (<https://www.apsva.us/wp-content/uploads/2018/05/TB-Risk-Assessment-for-Students-Updated-2.18.pdf>) অথবা একটি যক্ষ্মার পরীক্ষণ (ত্বক বা রক্ত) সম্পূর্ণ করার ফলাফল সকল নতুন APS শিক্ষার্থীর জন্য প্রয়োজন। যক্ষ্মা পরীক্ষার ফলাফল পজিটিভ হলে ভর্তির আগে একটি লক্ষণ মূল্যায়নের প্রয়োজন এবং স্কুল শুরু হওয়ার পরের ২১ দিনের মধ্যে বুকের একটি এক্স-রে করানোর প্রয়োজন। যেসকল শিক্ষার্থী পূর্বে APS-এ প্রাক-স্কুল শিক্ষার্থী হিসেবে রেজিস্টার্ড ছিল তাদের কিন্ডারগার্টেনের প্রথমদিনের অনধিক একবছর আগে নেগেটিভ যক্ষ্মার ঝুঁকি মূল্যায়নের তথ্য অথবা যক্ষ্মা পরীক্ষা সম্পূর্ণ করা আবশ্যিক।

3. **টিকা প্রদান:**

স্কুল ভর্তির জন্য অসংখ্য টিকাকরণের প্রয়োজন রয়েছে। নিচে সাধারণ টিকা নেওয়ার প্রয়োজনীয়তাগুলি দেখানো হয়েছে। এই প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে আরও নির্দিষ্ট তথ্যের জন্য এই ওয়েবসাইটটি দেখুন: <http://www.vdh.virginia.gov/immunization/requirements/>

- ডিপথেরিয়া/টিটেনাস/হুপিং কাশি (DTaP, DTP, অথবা Tdap)** – ৪র্থ জন্মদিনে বা তার পরে একটি সহ অন্ততপক্ষে ৪টি DTP/DTaP (ডিপথেরিয়া/টিটেনাস/হুপিং কাশি) অথবা ৭ বছর বা তার বেশি বয়স হলে ৩টি Tds (টিটেনাস/ ডিপথেরিয়া)। যেসকল শিক্ষার্থী ৭ম গ্রেডে বা এর উপরে ভর্তি হবে সেসকল শিক্ষার্থীর একটি Tdap বুস্টার নেওয়ার প্রয়োজন।
- পোলিওর টিকা** – অন্ততপক্ষে ৪টি ডোজ। চতুর্থ জন্মদিন বা তার পরে একটি ডোজ অবশ্যই নিতে হবে।
- হেপাটাইটিস বি টিকা** – সকল শিক্ষার্থীর জন্য হেপাটাইটিস বি টিকার সম্পূর্ণ ৩টি ডোজের প্রয়োজন রয়েছে। দ্রষ্টব্য - FDA ১১-১৫ বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য ২টি ডোজের অনুমতি দিয়েছে কেবলমাত্র যদি বড়দের জন্য তৈরি Merck ব্র্যান্ডের (RECOMBIVAX HB) হেপাটাইটিস বি টিকা ব্যবহার করা হয়। যদি ১১-১৫ বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য ২ ডোজের টিকা ব্যবহৃত হয় তাহলে তা স্কুলের ফর্মে অবশ্যই স্পষ্টভাবে নথিভুক্ত করতে হবে।
- হাম, মাম্পস ও রুবেলা (MMR) এর টিকা** – অন্ততপক্ষে ২টি ডোজ। বেশিরভাগ শিক্ষার্থী MMR টিকার একটি সংমিশ্রণ পায় – যদিও, টিকাগুলি এককভাবে দেওয়া হলে অন্ততপক্ষে হামের জন্য ২টি, মাম্পসের জন্য ২টি ও রুবেলার জন্য ১টি টিকার প্রয়োজন। অবশ্যই প্রতিটি উপাদানের প্রথম ডোজ (অথবা MMR টিকার সংমিশ্রণের জন্য) ১২ মাস বা তার বেশি বয়সে এবং দ্বিতীয় ডোজ কিন্ডারগার্টেনে ভর্তির আগে দিতে হবে।
- চিকেন-পক্স বা জলবসন্ত টিকা** – অন্ততপক্ষে ২টি ডোজ। অবশ্যই প্রথম ডোজ ১২ মাস বা তার বেশি বয়সে এবং দ্বিতীয় ডোজ কিন্ডারগার্টেনে ভর্তির আগে দিতে হবে। (ব্যতিক্রম – যেসকল শিক্ষার্থী মার্চ ৩, ২০১০ এর পূর্বে কিন্ডারগার্টেনে ভর্তি হয়েছে তাদের কেবল ১টি ডোজ প্রয়োজন)
- হেপাটাইটিস এ টিকা** – জুলাই ২১, ২০২১ হতে কার্যকর, সকল কিন্ডারগার্টেন শিক্ষার্থীর জন্য কমপক্ষে ২টি ডোজ হেপাটাইটিস এ ভ্যাকসিন প্রয়োজন। প্রথম ডোজ অবশ্যই ১২ মাস বা তার বেশি বয়সে দিতে হবে।
- হিউম্যান প্যাপিলোম্যাইনোস টিকা (HPV)** – জুলাই ১, ২০২১ হতে কার্যকর, ৭ম গ্রেডে ভর্তি হতে যাওয়া শিক্ষার্থীদের একটি ২ ডোজের সম্পূর্ণ HPV ভ্যাকসিন নেওয়া প্রয়োজন। প্রথম ডোজ ৭ম গ্রেডে ভর্তির

আগে নিতে পারে। স্বাস্থ্য বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাগত উপাদান পর্যালোচনা করে, পিতামাতা অথবা অভিভাবক, পিতামাতা বা অভিভাবকের একক বিবেচনার ভিত্তিতে তাদের বাচ্চার জন্য HPV ভ্যাকসিন না নেওয়া নির্বাচন করতে পারেন।

- h. **মেনিনজাইটিস (MenACWY) টিকা** - জুলাই ১, ২০২১ হতে কার্যকর, কমপক্ষে ২টি ডোজ। ৭ম গ্রেডে ভর্তি সকল শিক্ষার্থীর প্রথম ডোজ নেওয়া প্রয়োজন। ১২তম গ্রেডে ভর্তি সকল শিক্ষার্থীর একটি ডোজ (হোক সেটা প্রথম বা দ্বিতীয়) নেওয়া প্রয়োজন।
- i. **হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ বি (Hib) টিকা** – এই টিকাটি কেবলমাত্র ৬০ মাসের কম বয়সী প্রি-কে শিক্ষার্থীদের জন্য প্রয়োজন। প্রয়োজনীয় ডোজের সংখ্যা প্রথম ডোজ নেওয়ার বয়সের উপর নির্ভর করবে।
- j. **নিউমোনিয়ার (PCV) টিকা** – এই টিকাটি কেবলমাত্র ৬০ মাসের কম বয়সী প্রি-কে শিক্ষার্থীদের জন্য প্রয়োজন। প্রথম ডোজ নেওয়ার বয়সের উপর নির্ভর করে এক থেকে চারটি ডোজ নেওয়ার প্রয়োজন।

ভর্তির জন্য স্বাস্থ্য ফর্ম পেতে অনুগ্রহ করে এই ওয়েবসাইটটি দেখুন: <https://www.apsva.us/registering-your-student> অথবা আপনার স্কুলের রেজিস্ট্রার বা ক্লিনিকের কর্মীর কাছ থেকে জেনে নিন।